কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

**কৃষি ভবন**

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা
(বিক্রয় শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২৪২.১১.০৯৫.২৪.৮০২ — তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩ / ৩০ এপ্রিল ২০২৬

**বিষয়: সার বিতরণ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী আগমনী বার্তা দাখিল, রেজিষ্টার সংরক্ষণ ও বিক্রয় কার্যক্রম মনিটরিং।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি উৎপাদনের অন্যতম মৌলিক উপকরণ হচ্ছে সার। সরকার দেশের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সার বিদেশ থেকে আমদানি করে ডিলারদের মাধ্যমে কৃষক পর্যায়ে ভর্তুকিমূল্যে বিক্রি করে। বর্তমানে কৃষক পর্যায়ে টিএসপি, এমওপি ও ডিএপি সারের কেজি প্রতি বিক্রয় মূল্য যথাক্রমে ২৭, ২০ ও ২১ টাকা।

০২। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কৃষক পর্যায়ে গুনগত মানসম্পন্ন কৃষি উপকরণ সরবরাহ করে দেশের কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিশেষ করে দেশে স্থিতিশীল খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্ত ভর্তুকি মূল্যে আমদানিকৃত ননইউরিয়া সার (টিএসপি, এমওপি, ডিএপি) অনুমোদিত ডিলারের মাধ্যমে কৃষকের দোরগোড়ায় পৌঁছানো বিএডিসির অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। বিএডিসি চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে ইতোমধ্যে ২২ লক্ষ ৪৩ হাজার মে. টন সার ডিলার নেটওয়ার্কের মাধ্যমে সারাদেশে কৃষক পর্যায়ে সরবরাহ করেছে।

০৩। কৃষি মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত মাসিক জেলাওয়ারী বরাদ্দ এবং জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত উপবরাদ্দ মোতাবেক বিএডিসি সারাদেশে অবস্থিত সংশ্লিষ্ট জেলার নিকটবর্তী সার সংরক্ষণাগার হতে ডিলারদের নিকট সরকার নির্ধারিত মূল্যে সার সরবরাহ করছে। সারাদেশে ২১ টি অঞ্চলের ১৪৪ টি সার সংরক্ষণাগারে বর্তমানে বিএডিসির নিকট পর্যাপ্ত ননইউরিয়া সার মজুদ রয়েছে। বর্তমানে বোরো ফসল মাঠে যা পরিপক্ক পর্যায়ে; এছাড়াও আগাম চাষের এলাকা হাওড়সহ অন্যান্য জায়গায় ধান সংগ্রহের কাজ চলমান রয়েছে। তথাপিও অতিরিক্ত মূল্যে কৃষক পর্যায়ে সার বিক্রয় এবং সার নিয়ে বিভিন্ন অভিযোগ পত্র পত্রিকায় প্রকাশিত হচ্ছে; যা অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত। যেহেতু মাঠ পর্যায় থেকে প্রাপ্ত চাহিদা মোতাবেক জেলা/উপজেলাওয়ারী সারের বরাদ্দ প্রদান করা হয়; সে কারনে সারের ঘাটতি এবং অতিরিক্ত মূল্যে বিক্রয় করার কোন সুযোগ নেই।

০৪। যথাসময়ে সার সরবরাহ, সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে কৃষক পর্যায়ে বিক্রয়, অবৈধ মজুদ ও পাচার রোধ করার জন্য সার বিতরণ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী ডিলারদের মধ্যে বরাদ্দকৃত সার নিজ নিজ এলাকায় পৌঁছানোর পর ডিলার কর্তৃক সংশ্লিষ্ট কৃষি কর্মকর্তার নিকট আগমনী বার্তা দাখিল, কৃষি অফিসার কর্তৃক ডিলারের গুদাম পরিদর্শন করে সংশ্লিষ্ট মজুদ রেজিষ্টারে স্বাক্ষর, ক্যাশ মেমোর মাধ্যমে বিক্রয় এবং তাতে ক্রেতার নাম, ঠিকানা, মোবাইল নাম্বারসহ স্বাক্ষর থাকার বিধান রয়েছে। এছাড়া দৈনিক সার বিক্রয় রেজিস্টারে বিক্রির পরিমাণ লিপিবদ্ধ করার নির্দেশনা রয়েছে।

০৫। এমতাবস্থায়, সার সরবরাহ, প্রকৃত কৃষকের নিকট সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় নিশ্চিতকরণ, অবৈধ মজুদ ও পাচার রোধে সার সংক্রান্ত নীতিমালা অনুযায়ী নিয়মিত পরিদর্শন ও নিবিড় মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা/উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অনুরোধ করা হলো।

৩০/৪/২০২৬

(মো: আজিজুল ইসলাম)
চেয়ারম্যান
(অতিরিক্ত সচিব)
টেলিফোন: ২২৩৩৮৪৩৫৮

কার্যার্থে (বিতরণ):

১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি.......................... (সকল)।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি .....(সকল)।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি.................. (সকল)।
৪। উপজেলা কৃষি কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি .................(সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০২। মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
০৩। মাননীয় মন্ত্রির একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০৫। অফিস কপি।